এখন থেকে সপ্তাহে ছ'দিনই পড়াশোনা

গরমে মৃত্যু, কাশীর শ্মশানে দাহের অপেক্ষায় ৭০০ শব

কাশী। ১ জুন

প্রচণ্ড গরমে দেশে মৃতের সংখ্যা বেড়ে হয়েছে ৮৭। তপ্ত গরমে উত্তরপ্রদেশ ও বিহারে ভোটের কাজে নিযুক্ত বেশ কয়েকজন কর্মীও মারা গিয়েছেন। গরমে মৃতের সংখ্যা বেড়ে যাওয়ায় সবচেয়ে ভয়াবহ অবস্থা কাশীর শ্মশানের। সেখানে দাহের অপেক্ষায় দাঁড়িয়ে ৭০০ শব। গত ৩৬ ঘণ্টায় গরমে সবচেয়ে বেশি মৃত্যু হয়েছে ওড়িশায়। বৃহস্পতি ও শুক্রবার ওড়িশায় তাপপ্রবাহে মৃত্যু হয়েছে ১৯ জনের। উত্তরপ্রদেশে উদ্বেগ বাড়িয়েছে ভোটকর্মীদের মৃত্যু। সেখানে মৃত ১৬ জনের মধ্যে ১১ জনই ভোটকর্মী। তাঁদের মধ্যে পাঁচ জন হোমগার্ড। বিহারে মৃত ১৬ জনের মধ্যে বেশ কয়েকজন ভোটকর্মী। এদিকে, বারাণসীর মণিকর্ণিকা শ্মশান ঘাটে গত ৪৮ ঘণ্টা ধরে আসা অধিকাংশ শবই দাহ করা সম্ভব হয়নি। সেখানে ৭০০ শব জমে গিয়েছে। স্বজনেরা দেহ বরফ চাপা দিয়ে রেখে দাহের অপেক্ষা করছেন।

বারাণসী সহ উত্তর ভারতে এখনও মরদেহ কাঠে দাহ করার চল আছে। একসঙ্গে বিপুল সংখ্যায় দেহ চলে আসায় কাঠের অভাব দেখা দিয়েছে শ্মশানে। দেহ প্রতি কাঠ বাবদ নেওয়া হয় পাঁচ হাজার টাকা। সেই কাঠের জন্য গুণতে হচ্ছে পনেরো হাজার টাকা। স্থানীয় মানুষের বক্তব্য, করোনার সময় এমন পরিস্থিতি তৈরি হয়েছিল শ্মশানে। তখনও দিনের পর দিন দেহ ফেলে রাখতে হয়েছিল সৎকারের অপেক্ষায়।

ফর্ম নং. ৩

দেখুন বিধি-১৫(১)(এ)]/১৬(৩)

ডেটস রিকভারি ট্রাইবুনাল কলকাতা (ডিআরটি-৩)

ফ্লোর নং ৮, জীবন সুধা বিল্ডিং, ৪২-সি, জওহরলাল নেহরু রোড, কলকাতা-৭০০০৭১

কেস নং: ওএ/৫৯১/২০১৯

ডেটস্ রিকভারি ট্রাইবুনাল (প্রসিডিওর) নিয়মাবলী, ১৯৯৩-এর নিয়ম ৫-এর উপ-নিয়ম (২এ) এর সাথে একত্রে পঠিত সংশ্লিষ্ট আইনের ধারা ১৯-এর উপ-ধারা (৪)-এর অধীনে শমন

Exh. No. ২৩০৪

সেন্ট্রাল ব্যাঙ্ক অফ ইন্ডিয়া

-বনাম-

মেসার্স এ.এস. এন্টারপ্রাইজেস

প্রতি,

(১) **মেসার্স এ.এস. এন্টারপ্রাইজেস,** এনএ, চক সুদেবপুর, বাকরাহাট, বিষ্ণুপুর, দক্ষিণ ২৪ চব্বিশ পরগনা, পশ্চিমবঙ্গ, দক্ষিণ চব্বিশ পরগনাতেও, পশ্চিমবঙ্গ-৭০০০৬৩

(২) **শ্রীমতী অঞ্জনা সাধুখাঁ,** চক সুদেবপুর, বাকরাহাট, বিষ্ণুপুর, দক্ষিণ ২৪ চব্বিশ পরগনা, পশ্চিমবঙ্গ-৭৪৩৫০৩, এছাড়াও ৪৯ শ্রী গুরু কলোনি, ঠাকুরপুকুর, কলকাতা-৭০০০৬৩, দক্ষিণ ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ-৭০০০৬৩

(৩) **শ্রী সুভাষ সাধুখাঁ,** ৪৯, শ্রী গুরু কলোনি, ঠাকুরপুকুর, কলকাতা, দক্ষিণ ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ-৭৪৩৫০৩, এছাড়াও ৩৯৫এ, জায়গিরঘাট রোড, ঠাকুরপুকুর, কলকাতা-৭০০০৬৩, দক্ষিণ চব্বিশ পরগনা, পশ্চিমবঙ্গ-৭০০০৬৩

শমন

যেহেতু, **০৫.১১.২০১৯** তারিখে মহামান্য প্রিসাইডিং অফিসার/রেজিস্ট্রারের নিকট **ওএ/৫৯১/২০১৯**-টি তালিকাভুক্ত হয়েছিল।

যেহেতু এই মহামান্য ট্রাইবুনাল **৭৮,৬৬,৮২৪.২৪/-** টাকা ঋণরাশি আদায়ের উদ্দেশ্যে আপনাদের বিরুদ্ধে দায়ের করা উক্ত অরিজিন্যাল অ্যাপ্লিকেশন-এর ভিত্তিতে। সংশ্লিষ্ট আইনের ধারা ১৯(৪)-এর অধীনে শমন/বিজ্ঞপ্তি জারি করা সমীচীন মনে করেছে (অরিজিন্যাল অ্যাপ্লিকেশন ও সংশ্লিষ্ট নথি ইত্যাদির প্রতিলিপি।

সংশ্লিষ্ট আইনের ধারা ১৯-এর উপ-ধারা (৪) অনুযায়ী, অতএব, আপনাদের/বিবাদীদের নিম্নরূপ নির্দেশ করা হল:

(১) এই শমন জারি করার ত্রিশ দিনের মধ্যে আপনাদের কারণ দর্শানোর নির্দেশ দেওয়া হচ্ছে কেন বাদীপক্ষের প্রার্থীত আদেশ মঞ্জুর করা হবে না।

(২) আবেদনকারীর দ্বারা অরিজিনাল অ্যাপ্লিকেশন-এর সিরিয়াল নং ৩-এ-তে বর্ণিত নির্দিষ্ট সম্পত্তি ব্যতিরেকে আপনাদের অন্যান্য সম্পত্তির বিবরণ প্রকাশ করতে নির্দেশ দেওয়া হচ্ছে।

(৩) অরিজিনাল অ্যাপ্লিকেশন-এর শুনানি চলাকালীন ও নিষ্পত্তি অবধি, আবেদনকারীর দ্বারা অরিজিন্যাল অ্যাপ্লিকেশন-এর সিরিয়াল নং ৩-এ-তে বর্ণিত নির্দিষ্ট সম্পত্তি অ্যাটাচমেন্টের জন্য, এই সম্পত্তি নিয়ে কোনওরকম লেনদেন, হস্তান্তর করা থেকে আপনাদের বিরত থাকার নির্দেশ দেওয়া হচ্ছে।

(৪) এই ট্রাইবুনাল-এর পূর্বানুমতি ব্যতীত, আপনারা কোনও সম্পত্তি বা ঋণশোধ নিশ্চিতকরণের লক্ষ্যে দায়সাপেক্ষ করা আছে বা অরিজিন্যাল অ্যাপ্লিকেশনের সিরিয়াল নং ৩-এ-তে বর্ণিত নির্দিষ্ট সম্পত্তি/প্রকাশিত সম্পত্তি বা কোনও সম্পত্তিরই, সাধারণ ব্যবসায়িক কার্যকারণ ছাড়া, হস্তান্তর যথা বিক্রয়, লিজ বা অন্যভাবে হস্তান্তর করতে পারবেন না।

(৫) সাধারণ ব্যবসায়িক কার্যকারণে দায়সাপেক্ষ সম্পত্তি বা অন্য সম্পত্তি বিক্রয় করা হলে আপনারা আদায় করা বিক্রয়মূল্যের হিসাব দিতে দায়বদ্ধ থাকবেন এবং সংশ্লিষ্ট ব্যাঙ্ক বা আর্থিক প্রতিষ্ঠান যাদের পক্ষে সম্পত্তির ওপর দায় আছে, তাদের অ্যাকাউন্টে সেই বিক্রয়মূল্য বাবদ প্রাপ্ত অর্থ জমা করতে বাধ্য থাকবেন।

এছাড়া আপনাদের লিখিত বিবৃতি জমা করতে ও সেই বিবৃতির একটি প্রতিলিপি আবেদনকারীকে সরবরাহ করতে এবং আগামী **১৯.০৬.২০২৪** তারিখে সকাল **১০.৩০**-এ রেজিস্ট্রারের সমক্ষে হাজির হতে নির্দেশ দেওয়া হচ্ছে। এই নির্দেশ পালনে ব্যর্থ হলে আপনাদের অনুপস্থিতিতেই আবেদনটির শুনানি ও নিষ্পত্তি করা হবে।

আজ ১৬.০৫.২০২৩ তারিখে ট্রাইবুনালের সিলমোহর-সহ স্বাক্ষর করলাম।

শমন জারি করতে অনুমোদিত আধিকারিকের স্বাক্ষর

স্বাঃ/- রেজিস্ট্রার-ইনচার্জ

ভারত সরকার, অর্থমন্ত্রক

কলকাতা ডেটস রিকভারি ট্রাইবুনাল নং-৩

সতর্কীকরণ

এই পত্রিকায় যেসব বিজ্ঞাপন ছাপা হয়, সেগুলি সরল বিশ্বাসে গ্রহণ করা হয়। কাজেই কোনও বিজ্ঞাপন দ্বারা প্রভাবিত বা প্রতারিত হবার আগে এবং কোনও বিজ্ঞাপনদাতার সঙ্গে যোগাযোগ করতে চাইলে পাঠকদের যথাযথ ভাবে খোঁজখবর নিতে বলা হচ্ছে। এই পত্রিকায় প্রকাশিত কোনও বিজ্ঞাপনের নির্ভরযোগ্যতার ব্যাপারে যুগশঙ্খ পত্রিকাগোষ্ঠী কোনও দায়িত্ব বহন করে না।

যুগশঙ্খ পোল

সব সংস্থার এগজিট পোলে জয়জয়কার বিজেপির। বুথফেরত সমীক্ষার সঙ্গে আপনি একমত?

হ্যাঁ ☐ না ☐ জানি না ☐

উপরের শূন্যস্থান পূরণ করে যুগশঙ্খ পোলের ছবি তুলে পাঠান এই হোয়াটস অ্যাপে: ৯৮৩০৪৬৪৩৯০

গতকালের ফলাফল: **মোদির বিরুদ্ধে মুখ খোলায় মনমোহন সিংকে 'ননসেন্স' বলল বিজেপি। আপনি একমত?**

হ্যাঁ ৭৩% না ২১% জানি না ০৬%

শুক্রবারের ফলাফল: **বিবেকানন্দ রকে মোদির ধ্যান নিয়ে মমতা বন্দ্যোপাধ্যায়ের কটাক্ষ কি সমর্থনযোগ্য?**

হ্যাঁ ০০% না ৮৭% জানি না ১৩%

বিজ্ঞপ্তি

অত্র বিজ্ঞপ্তি দ্বারা ঘোষণা করা যাইতেছে যে, আমার মক্কেল প্রদ্যুৎ শাসমল, পিতা-সহদেব শাসমল, সাং-শুড়িখালী, পো-পাঁচলা, থানা-উলুবেড়িয়া (রাজাপুর), জেলা-হাওড়া, পিন-৭১১৩২২, হাওড়া জেলার অন্তর্গত উলুবেড়িয়া থানার অধীনে ৮১ নং জে.এল. ভুক্ত মৌবেশিয়া মৌজায় হাল বা এল.আর. ২২৫৩ নং খতিয়ান ভুক্ত সাবেক বা আর.এস. ৮৪৫ নং দাগ হইতে আগত হাল বা এল.আর. ৯১৪ নং দাগে ৭৪.২৫ শতক শালি সম্পত্তি যাহা কৃষ্ণা শাসমল, স্বামী-প্রদ্যুৎ শাসমল, সাং-শুড়িখালী, পো-পাঁচলা, থানা-উলুবেড়িয়া (রাজাপুর), জেলা-হাওড়া, পিন-৭১১৩২২, মহাশয়ার নিকট হইতে আমমোক্তার পত্র নিয়াছেন। যাহা উলুবেড়িয়া A.D.S.R. অফিসে গত ইংরাজী ১৫/০৯/২০২৩ তারিখে I-৫৪৪৭ নং আমমোক্তার নামা পত্র দলিল মূলে রেজিষ্ট্রী হইয়াছে। উক্ত সম্পত্তি আমার মক্কেল আমমোক্তার বিধায় বিক্রয় করিবার মনস্থ করিয়াছে।

এ বিষয়ে কাহারও কোন আপত্তি থাকিলে আমাকে রেজিষ্ট্রী ডাক যোগে নিম্নলিখিত ঠিকানায় বিজ্ঞপ্তি প্রকাশের এক মাসের মধ্যে অবহিত করিবেন, নতুবা বিক্রয় কোবালা রেজিষ্ট্রী হইবার পর কাহারও কোন আপত্তি গ্রাহ্য হইবে না।

ইতি,

শ্রীমন্ত রায়

আইনজীবি, উলুবেড়িয়া কোর্ট, হাওড়া

ICICI Home Finance | **কর্পোরেট অফিস:** আইসিআইসিআই হোম ফিনান্স কোম্পানি লিমিটেড আইসিআইসিআই এইচএফসি টাওয়ার, আন্ধেরি-কুরলা রোড, আন্ধেরি (পূর্ব), মুম্বই-৪০০০৫৯, ভারত

শাখার ঠিকানা : ৫ম তল, কৃষ্ণা এনক্লেভ, ২/১, ভজন লাল লোহিয়া লেন, হাওড়া এসি মার্কেটের কাছে, ইয়েস ব্যাঙ্কের উপরে, হাওড়া-৭১১১০১

[বিধি ৮(৬)-এর সংস্থানসমূহ দ্রষ্টব্য]

স্থাবর সম্পত্তি বিক্রির জন্য বিজ্ঞপ্তি

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৮(৬)-এর সংস্থানসমূহ সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ অধীনে স্থাবর সম্পদসমূহ বিক্রির জন্য ই-নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি।

এতদ্বারা জনসাধারণ এবং বিশেষত সংশ্লিষ্ট ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার (গণ)-এর জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেড-এর অনুমোদিত আধিকারিক দ্বারা **প্রতীকী দখল** নেওয়া ও সুরক্ষিত ঋণদাতার কাছে বন্ধক রাখা/দাখিলযোগ্য নিম্নবর্ণিত স্থাবর সম্পত্তি '**যেখানে আছে**', '**যা কিছু আছে**' এবং '**যেমন আছে**' ভিত্তিতে বিক্রি করা হবে যার সংক্ষিপ্ত তথ্য এখানে নীচে দেওয়া হয়েছে:-

ক্রম. নং	ঋণগ্রহীতা/সহ-ঋণগ্রহীতা/ জামিনদারগণ/আইনি উত্তরাধিকারদের নাম ও লোন অ্যাকাউন্ট নম্বর	জানা দায় (যদি থাকে) সমেত সুরক্ষিত পরিসম্পদের বিবরণ	বকেয়া অর্থাঙ্ক	সংরক্ষণ মূল্য বায়না জমা	সম্পত্তি পরিদর্শনের তারিখ ও সময়	নিলামের তারিখ ও সময়
(A)	(B)	(C)	(D)	(E)	(F)	(G)
১.	**সোমদর্শনা রহমান (ঋণগ্রহীতা)** **শহীদুর রহমান (সহ-ঋণগ্রহীতা)** লোন অ্যাকাউন্ট নং LHKJB00001291261	ফ্ল্যাট নং সি-২, চতুর্থ তলা, প্রেমিসেস নং ৬০জি/১, ওয়ার্ড নং ৯৪, হরিপদ দত্ত লেন, থানা-যাদবপুর, পো.-টালিগঞ্জ,মৌজা-চাঁদপুর, জে এল নং ৪২, দাগ নং ৯৭৭, খতিয়ান নং ১৯ ও ২২, কলকাতা-৭০০০৩৩	৩১,২৬,৫২৪ টাকা ৩০.০৫.২০২৪	২৩,৮১,৪০০ টাকা ২,৩৮,১৪০ টাকা	১০.০৬.২০২৪ সকাল ১১টা থেকে বিকেল ৩টে	১৯.০৬.২০২৪ দুপুর ২টো থেকে বিকেল ৩টে
২.	**পম্পিতা সাহা (ঋণগ্রহীতা)** **প্রসেনজিৎ সাহা, হরিদাস সাহা, মীরা সাহা (সহ-ঋণগ্রহীতা)** লোন অ্যাকাউন্ট নং LHKJB00001324037	দাগ নং ৩৪৩/৩৬৫-এর ওপর অবস্থিত জমি ও বাড়ি, খতিয়ান নং ৯২, পূর্ব সিঁথি মৌজায় আর এস খতিয়ান নং ১০১৮-এর অনুরূপ, জে এল নং ২২, থানা-দমদম, জেলা উত্তর ২৪ পরগনা, মিউনিসিপাল হোল্ডিং নং ১০ (দলিল অনুসারে) ও ৫০৭ পিএস রোড (কর অনুযায়ী), মিউনিসিপাল ওয়ার্ড নং ১২-র অধীনে, দক্ষিণ দমদম পুরসভার আওতাভুক্ত, কলকাতা-৭০০০৩০	১৮,৬৮,০২২ টাকা ৩০.০৫.২০২৪	৩৮,৮৯,৬২০ টাকা ৩,৮৮,৯৭০ টাকা	১০.০৬.২০২৪ সকাল ১১টা থেকে বিকেল ৩টে	১৯.০৬.২০২৪ দুপুর ২টো থেকে বিকেল ৩টে

অনলাইন নিলাম প্রক্রিয়াটি আমাদের নিলাম এজেন্সি **গ্লোব টেক (ইউআরএল লিঙ্ক: https://BestAuctionDeal.com)**-এর ওয়েবসাইটের মাধ্যমে আয়োজিত হবে। এতদ্বারা সংশ্লিষ্ট বন্ধকদাতাগণ/বিজ্ঞপ্তি গ্রহীতাগণকে **১৮ জুন, ২০২৪ বিকেল ৫টার** মধ্যে সম্পূর্ণ বকেয়া অর্থাৎ সুদসমেত পরিশোধের জন্য শেষ সুযোগ দেওয়া হল, অন্যথায় নির্ধারিত সূচি অনুযায়ী এই সুরক্ষিত সম্পদ বিক্রি করা হবে।

সম্ভাব্য ডাকদাতা(গণ)-কে অবশ্যই ওপরে উল্লিখিতমতো (ওপরের টেবলের কলাম নং 'E' দ্রষ্টব্য) বায়না জমা বাবদ অর্থাঙ্ক (ইএমডি) ডিমান্ড ড্রাফ্ট (ডিডি) রূপে **আইসিআইসিআই হোম ফিনান্স কোম্পানি লিমিটেড, ৫ম তল, কৃষ্ণা এনক্লেভ, ২/১, ভজন লাল লোহিয়া লেন, হাওড়া এসি মার্কেটের কাছে, ইয়েস ব্যাঙ্কের উপরে, হাওড়া-৭১১১০১** ঠিকানাস্থিত অফিসে **১৮ জুন, ২০২৪ বিকেল ৪টের** মধ্যে জমা দিতে হবে। সম্ভাব্য ডাকদাতা(গণ)কে রেজিস্ট্রেশন ফর্ম ও নিলামের শর্তাবলির স্বাক্ষরিত কপি **আইসিআইসিআই হোম ফিনান্স কোম্পানি লিমিটেড, ৫ম তল, কৃষ্ণা এনক্লেভ, ২/১, ভজন লাল লোহিয়া লেন, হাওড়া এসি মার্কেটের কাছে, ইয়েস ব্যাঙ্কের উপরে, হাওড়া-৭১১১০১** ঠিকানাস্থিত অফিসে **১৮ জুন, ২০২৪** তারিখে বা তার আগে **বিকেল ৫টার** মধ্যে জমা দিতে হবে। কোনও রাষ্ট্রায়ত্ত তফসিলভুক্ত ব্যাঙ্ক থেকে **ICICI Home Finance Company Limited-Auction**'-এর অনুকূলে ইএমডি ডিমান্ড ড্রাফট (ডিডি) **কলকাতায়** প্রদেয়।

সম্পত্তি পরিদর্শন, নিলামের শর্ত ও নিয়মাবলি অথবা টেন্ডার জমা দেওয়া সংক্রান্ত প্রশ্নের পরিষ্কার উত্তর পেতে অনুগ্রহ করে **আইসিআইসিআই হোম ফিনান্স কোম্পানি লিমিটেড**-এর **9920807300** নম্বরে অথবা আমাদের **সেলস এবং মার্কেটিং পার্টনার নেক্সজেন সলিউশনস প্রাইভেট লিমিটেডের** সঙ্গে। কোনও কারণ না দেখিয়ে যে কোনও অথবা সমস্ত দর প্রস্তাব বাতিল করার অধিকার অনুমোদিত আধিকারিকের আছে। বিক্রির শর্ত ও নিয়মাবলি জানতে দেখুন ওয়েবসাইটঃ **https://www.icicihfc.com/**

তারিখ ঃ ০২.০৬.২০২৪
স্থান ঃ কলকাতা

অনুমোদিত আধিকারিক
আইসিআইসিআই হোম ফিনান্স কোম্পানি লিমিটেড

শব্দজাল–৭৭৭



সূত্র পাশাপাশি : (১) বংশঘটিত (৪) ত্বরিত, দ্রুত (৮) শাকবিশেষ (৯) পড়ে যাওয়া, অবনতি (১১) '– বরিষে বারিধারা' (১২) ন্যায় বা উচিত কাজ করার স্পর্ধা (১৪) কিরণ, রশ্মি (১৬) সূর্য (১৭) যা বাড়তে থাকে (১৮) বিপদ, সংকট (১৯) প্রচারিত (২০) ঈশ্বর, ভগবান (২২) সর্বপ্রকার (২৬) জ্ঞানী, বিচক্ষণ (২৭) মুক্তি (২৯) বিনাশ, ধ্বংস (৩০) ভাজা মটর (৩১) চন্দ্র।

সূত্র উপরনীচ : (২) জাগ্রত রাখে এমন (৩) ময়ূরপুচ্ছ (৪) নিষ্ঠা শ্রম দ্বারা লাভ (৫) অপদার্থ (৬) রাগ, ক্রোধ (৭) অনাদর (১০) আঁধার, অন্ধকার (১২) ব্যাকরণের দুই অধ্যায় (১৩) বৌদ্ধমঠ (১৫) জানবার বা জানাবার মতো তথ্য (১৬) কল্যাণ, মঙ্গল (১৯) রপ্তানিকারক (২১) বরফের মতো ঠান্ডা (২৩) পেষণ, মর্দণ (২৪) চক্রাকারে ঘোরা (২৫) তরঙ্গায়িত (২৭) মুদ্রণের খরচ (২৮) রাজা।

■ **শুভজ্যোতি রায়**

সমাধান–৭৭৬



হাওড়া ও খাতীপুরার মধ্যে স্পেশাল ট্রেন

গ্রীষ্মকালে যাত্রীদের অতিরিক্ত ভিড় সামাল দিতে, ০৩০০৭/ ০৩০০৮ **হাওড়া-খাতীপুরা- হাওড়া (ডানকুনি হয়ে)** স্পেশাল ট্রেন নিম্নলিখিত সংক্ষিপ্ত সময়সূচি, চলাচলের তারিখ, স্টপেজ এবং গঠন অনুসারে চলবে ঃ-

হাওড়া - খাতীপুরা স্পেশাল			(০৩০০৭) (০৩০০৮)	খাতীপুরা - হাওড়া স্পেশাল		
দিন	পৌঁ.	ছা.	স্টেশন	পৌঁ.	ছা.	দিন
রবি	–	১৮.০০	↓ হাওড়া	১২.৩০	–	বুধ
	১৯.১৭	১৯.১৯	বর্ধমান	১০.৩২	১০.৩৪	
সোম	০৩.২৫	০৩.৩৫	পাটনা জংশন	০২.০৫	০২.১৫	
	১০.৩০	১০.৩৫	প্রয়াগরাজ জংশন	১৮.০৫	১৮.১০	মঙ্গল
মঙ্গল	০১.০০	–	খাতীপুরা ↑	–	০৫.৩০	

উপরোক্ত স্পেশাল ট্রেনটি পথিমধ্যে উভয় অভিমুখে দুর্গাপুর, আসানসোল, চিত্তরঞ্জন, মধুপুর, জসিডি, ঝাঝা, কিউল জংশন, মোকামা, বখত্তিয়ারপুর জংশন, দানাপুর, আরা, বক্সার, পণ্ডিত দীনদয়াল উপাধ্যায় জংশন, গোবিন্দপুরী, টুণ্ডালা জংশন, আগ্রা ফোর্ট, বাঁদীকুই জংশন. এবং দৌসা স্টেশনেও থামবে। **চলাচলের দিন ঃ ০৩০০৭ হাওড়া থেকে** ০৯/০৬, ১৬/০৬, ২৩/০৬ ও ৩০/০৬/২০২৪ তারিখ (রবিবার) = ০৪ টি ট্রিপ এবং **০৩০০৮ খাতীপুরা থেকে** ১১/০৬, ১৮/০৬, ২৫/০৬ ও ০২/০৭/২০২৪ তারিখ (মঙ্গলবার) = ০৪ টি ট্রিপ। **গঠন ঃ** এসি-২টিয়ার — ০১, এসি-৩টিয়ার — ০৫, স্লিপার শ্রেণি — ০৯, সাধারণ দ্বিতীয় শ্রেণি (জিএস) — ০৪ এবং জিএসএলআরডি — ০২ = ২১টি কোচ।। **ক্যাটেগরি ঃ** মেল/এক্সপ্রেস।

চিফ প্যাসেঞ্জার ট্রান্সপোর্টেশন ম্যানেজার

পূর্ব রেলওয়ে

আমাদের অনুসরণ করুন ঃ @EasternRailway @easternrailwayheadquarter

---

ICICI Home Finance | **কর্পোরেট অফিস:** আইসিআইসিআই হোম ফাইনান্স কোম্পানি লিমিটেড আইসিআইসিআই এইচএফসি টাওয়ার, আন্ধেরি-কুরলা রোড, আন্ধেরি (পূর্ব), মুম্বই-৪০০০৫৯, ভারত

শাখার ঠিকানা : ৫ম তল, কৃষ্ণা এনক্লেভ, ২/১, ভজন লাল লোহিয়া লেন, হাওড়া এসি মার্কেটের কাছে, ইয়েস ব্যাঙ্কের উপরে, হাওড়া-৭১১১০১

শাখার ঠিকানা : ৮/১এ, ৩য় তল, স্যার উইলিয়ম জোনস্ সরণি (পূর্বতন ৮/১, মিডলটন রো) কলকাতা-৭০০০৭১

[বিধি ৮(৬)-এর সংস্থানসমূহ দ্রষ্টব্য]

স্থাবর সম্পত্তি বিক্রির জন্য বিজ্ঞপ্তি

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৮(৬)-এর সংস্থানসমূহ সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ অধীনে স্থাবর সম্পদসমূহ বিক্রির জন্য ই-নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি।

এতদ্বারা জনসাধারণ এবং বিশেষত সংশ্লিষ্ট ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার (গণ)-এর জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেড-এর অনুমোদিত আধিকারিক দ্বারা **প্রতীকী দখল** নেওয়া ও সুরক্ষিত ঋণদাতার কাছে বন্ধক রাখা/দাখিলযোগ্য নিম্নবর্ণিত স্থাবর সম্পত্তি '**যেখানে আছে**', '**যা কিছু আছে**' এবং '**যেমন আছে**' ভিত্তিতে বিক্রি করা হবে যার সংক্ষিপ্ত তথ্য এখানে নীচে দেওয়া হয়েছে:-

ক্রম. নং	ঋণগ্রহীতা/সহ-ঋণগ্রহীতা/ জামিনদারগণ/আইনি উত্তরাধিকারীদের নাম ও লোন অ্যাকাউন্ট নম্বর	জানা দায় (যদি থাকে) সমেত সুরক্ষিত পরিসম্পদের বিবরণ	বকেয়া অর্থাঙ্ক	সংরক্ষণ মূল্য বায়না জমা	সম্পত্তি পরিদর্শনের তারিখ ও সময়	নিলামের তারিখ ও সময়
(A)	(B)	(C)	(D)	(E)	(F)	(G)
১.	**শম্ভু সিং (ঋণগ্রহীতা)** **ববিতা সিং (সহ-ঋণগ্রহীতা)** লোন অ্যাকাউন্ট নং LHHOW00001362872 এবং LHHOW00001363084	নির্মিত বাড়ির অবস্থান: আর এস দাগ নং ৩৮১৯, এল আর খতিয়ান নং ১১৩৯৩-এর অধীনে এল আর দাগ নং ৬৮২৪, জে এল নং ০৭, হোল্ডিং নং ৩৭/৫১, ওয়ার্ড নং ৩, মৌজা-কেওটা, হুগলি চুঁচুড়া মিউনিসিপালিটি, জেলা-হুগলি।	২০,৩৬,৭০৩ টাকা ১৬.০৫.২০২৪	২৫,৫৪,৩৮০ টাকা ২,৫৫,৪৪০ টাকা	০১.০৭.২০২৪ সকাল ১১টা থেকে বিকেল ৩টে	১০.০৭.২০২৪ দুপুর ২টো থেকে বিকেল ৩টে
২.	**নীরজ সাউ (ঋণগ্রহীতা)** **অলকা রাজ (সহ-ঋণগ্রহীতা)** লোন অ্যাকাউন্ট নং LHKJB00001474902 এবং LHKJB00001475173	প্রেমিসেস নং ১৯ ও ১৯/১, হাওড়া মিউনিসিপাল কর্পোরেশনের ওয়ার্ড নং ৪, জেলা হাওড়া, জে এল নং ০১, এল আর দাগ নং ১৫১,খতিয়ান নং ৩০০, মৌজা-মালিপাঁচঘড়া, হাওড়া।	৩৬,৩৮,৯৪৩ টাকা ১৬.০৫.২০২৪	৩৪,০২,০০০ টাকা ৩,৪০,২০০ টাকা	০১.০৭.২০২৪ সকাল ১১টা থেকে বিকেল ৩টে	১০.০৭.২০২৪ দুপুর ২টো থেকে বিকেল ৩টে
৩.	**অনির্বাণ সাহা (ঋণগ্রহীতা)** **জ্যোতি সাহা (সহ-ঋণগ্রহীতা)** লোন অ্যাকাউন্ট নং LHKJB00001317654	ফ্ল্যাট নং ৫জি, ষষ্ঠ তল, ব্লক নং ৪ (১বি), লাবণ্য, মৌজা-বাসিনা, জে এল নং ৩১, তৌজি নং ৩৭, আর এস/এল আর দাগ নং ৬৩৩, ৬৩৪, ৬৩৬, ৬৩৭, ৬৪০, ৬৪১, ৯৪৮, ৯৪৯, এস ৯৫০, ৯৫১ (পি), এল আর খতিয়ান নং ১৯২০ ও ২৫২৮-এর অনুরূপ, থানা-রাজারহাট, জেলা উত্তর ২৪ পরগনা, কলকাতা।	৩২,১৮,৫৮৪ টাকা ১৬.০৫.২০২৪	৩৩,৭৫,০০০ টাকা ৩,৩৭,৫০০ টাকা	০১.০৭.২০২৪ সকাল ১১টা থেকে বিকেল ৩টে	১০.০৭.২০২৪ দুপুর ২টো থেকে বিকেল ৩টে
৪.	**আবদুর রকিব (ঋণগ্রহীতা)** **খাদিজা খাতুন (সহ-ঋণগ্রহীতা)** লোন অ্যাকাউন্ট নং LHKJB00001297522	আর এস ও এল আর দাগ নং ৬৫৯, এল আর খতিয়ান ৯২৮-এর অধীনে, জে এল নং ৭৮, তৌজি নং ২৩, গ্রাম-মাদারতলা, পো-সদরপুর, বেহালা, থানা-হাওড়া, জেলা-উত্তর ২৪ পরগনা-৭৪৩১২৫।	১৯,০০,৬৯০ টাকা ১৬.০৫.২০২৪	৩৩,২৬,১৩০ টাকা ৩,৩২,৬২০ টাকা	০১.০৭.২০২৪ সকাল ১১টা থেকে বিকেল ৩টে	১০.০৭.২০২৪ দুপুর ২টো থেকে বিকেল ৩টে
৫.	**শম্পা সাউ (ঋণগ্রহীতা)** **বিক্রম সাউ (সহ-ঋণগ্রহীতা)** লোন অ্যাকাউন্ট নং LHHOW00001294020	দাগ নং ২০৬৯, সাবেক খতিয়ান নং ১০৮-এর অধীনে, হাল খতিয়ান নং ১৭৯৭-এর অনুরূপ, জে. এল. নং ১১, বালি থানার অধীনে মৌজা-চকপাড়া, হাল লিলুয়া, জেলা-হাওড়া, পশ্চিমবঙ্গ-৭১১২০৪।	২০,২৫,৮৫৪ টাকা ১৬.০৫.২০২৪	২৯,০২,৫০০ টাকা ২,৯০,২৫০ টাকা	০১.০৭.২০২৪ সকাল ১১টা থেকে বিকেল ৩টে	১০.০৭.২০২৪ দুপুর ২টো থেকে বিকেল ৩টে
৬.	**অরবিন্দ জ্যোতি (ঋণগ্রহীতা)** **সুনয়ন জ্যোতি (সহ-ঋণগ্রহীতা)** **বিভা জানা জ্যোতি (সহ-ঋণগ্রহীতা)** লোন অ্যাকাউন্ট নং LHHOW00001419304	ফ্ল্যাট নং সি১ ও ডি১, দ্বিতীয় তলা, গ্রিন রেসিডেন্সি, আর এস দাগ নং ২৮৪৯ ও ২৮৫২ এবং এল আর দাগ নং ৩২২৮ এবং আর এস খতিয়ান নং ১৮২৪ ও ৬২০ ও এল আর খতিয়ান নং ১৯৪৫ ও ১৭২১ ও ৫১৪০ ও ৫১৩৯-এর অধীনে, জে এল নং ৮৭, মৌজা-বাণীতবলা, থানা-উলুবেড়িয়া, জেলা-হাওড়া, ওয়ার্ড নং ২৯, উলুবেড়িয়া, ঝাড়খণ্ড।	৫১,৯২,৩৩৩ টাকা ১৬.০৫.২০২৪	৫৯,৬৫,০২০ টাকা ৫,৯৬,৫১০ টাকা	০১.০৭.২০২৪ সকাল ১১টা থেকে বিকেল ৩টে	১০.০৭.২০২৪ দুপুর ২টো থেকে বিকেল ৩টে
৭.	**জয়নাল আবেদিন (ঋণগ্রহীতা)** **তাজমিরা বিবি (সহ-ঋণগ্রহীতা)** লোন অ্যাকাউন্ট নং LHHOW00001337430 এবং LHHOW00001337442	আর এস দাগ নং ৬৮৫, এল আর খতিয়ান নং ১৪৮, ১৪৯, ১৫০, ১৫১ ও ১২৫, জে এল নং ১৪৬, তৌজি নং ১৪৬, মৌজা-পুতুড়িয়া, পো.-বারাসত, জেলা-উত্তর ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ-৭৪৩৪২৩।	১৮,৩১,৩৯৮ টাকা ১৬.০৫.২০২৪	২২,৫৪,৬৯৮ টাকা ২,২৫,৪৭০ টাকা	০১.০৭.২০২৪ সকাল ১১টা থেকে বিকেল ৩টে	১০.০৭.২০২৪ দুপুর ২টো থেকে বিকেল ৩টে
৮.	**সজল চন্দ্র রায় (ঋণগ্রহীতা)** **ঋতপা রায় (সহ-ঋণগ্রহীতা)** লোন অ্যাকাউন্ট নং LHHOW00001324609	দক্ষিণ-পশ্চিম দিকে দোকান, নীচতল, নলিনী অ্যাপার্টমেন্ট, প্রেমিসেস নং ২৯, বড়বাগান লেন, মিউনিসিপাল হোল্ডিং নং ২৪৬, পো.-আলমবাজার, বরানগর মিউনিসিপালিটি মিডল ক্লাস এরিয়ার অধীনে থানা-বড়বাগান, ওয়ার্ড নং ১৫ (পুরনো) ও ০৪ (নতুন), কলকাতা, পশ্চিমবঙ্গ-৭০০০৩৫।	১০,৯৩,৩৪২ টাকা ১৬.০৫.২০২৪	১০,৯০,৬২০ টাকা ১,০৯,০৭০ টাকা	০১.০৭.২০২৪ সকাল ১১টা থেকে বিকেল ৩টে	১০.০৭.২০২৪ দুপুর ২টো থেকে বিকেল ৩টে
৯.	**অরিন্দম দে (ঋণগ্রহীতা)** **জুবে দে (সহ-ঋণগ্রহীতা)** লোন অ্যাকাউন্ট নং LHKJB00001447780 এবং LHKJB00001447882	ফ্ল্যাট নং ৪০৬, পঞ্চম তলা, ব্লক এ১, প্রেমিসেস নং ২৭, মৌজা-আড়িয়াদহ, থানা-বেলঘড়িয়া, জেলা-উত্তর ২৪ পরগনা, কলকাতা।	৯,৫৭,৩৫২ টাকা ১৬.০৫.২০২৪	২০,৪১,২০০ টাকা ২,০৪,১২০ টাকা	০১.০৭.২০২৪ সকাল ১১টা থেকে বিকেল ৩টে	১০.০৭.২০২৪ দুপুর ২টো থেকে বিকেল ৩টে
১০.	**প্রভু মালিক (ঋণগ্রহীতা)** **বিমলা মালিক (সহ-ঋণগ্রহীতা)** লোন অ্যাকাউন্ট নং LHKJB00001407097 এবং LHKJB00001407099	দাগ নং ৪৪৪৫, খতিয়ান নং ১৫৯২ ও ৫৭০৮ এবং তৌজি নং ১৬, জে এল নং ০৬, রাজবলহাট (মালিকপুরা), জেলা-হুগলি, রাজ্য-পশ্চিমবঙ্গ-৭১২৩০৬।	৪,০৫,৮০২ টাকা ১৬.০৫.২০২৪	১২,২০,৯৮৫ টাকা ১,২২,১০০ টাকা	০১.০৭.২০২৪ সকাল ১১টা থেকে বিকেল ৩টে	১০.০৭.২০২৪ দুপুর ২টো থেকে বিকেল ৩টে
১১.	**মহম্মদ আজিম (ঋণগ্রহীতা)** **আকবরী খাতুন (সহ-ঋণগ্রহীতা)** লোন অ্যাকাউন্ট নং LHKJB00001328318	আর এস নং ২৬, তৌজি নং ১০৯১, দাগ নং ৫৬৯, খতিয়ান নং ৯১৭, মিউনিসিপাল হোল্ডিং নং ৭/এ, ওয়ার্ড নং ৮, এন এস পথ, থানা-টিটাগড়, জেলা-উত্তর ২৪ পরগনা, কলকাতা, পশ্চিমবঙ্গ।	৫,৮১,৩৪৫ টাকা ১৬.০৫.২০২৪	১৭,০৮,০২০ টাকা ১,৭০,৮১০ টাকা	০১.০৭.২০২৪ সকাল ১১টা থেকে বিকেল ৩টে	১০.০৭.২০২৪ দুপুর ২টো থেকে বিকেল ৩টে
১২.	**রঞ্জিত মল্লিক (ঋণগ্রহীতা)** **রিয়া মল্লিক (সহ-ঋণগ্রহীতা)** **কল্যাণ মল্লিক (সহ-ঋণগ্রহীতা)** লোন অ্যাকাউন্ট নং LHKJB00001288107	ফ্ল্যাট নং সি, চতুর্থ তলা, উত্তর পশ্চিম দক্ষিণ কোণে, শ্রীদি টাওয়ার, আর এস খতিয়ান নং ১৯৫৯ ও ১৯৬০-র অধীনে আর এস দাগ নং ৩১৪৬/৩৫৩১ ও ৩১৪৭, সি এস খতিয়ান নং ১১৭৫ ও ৭৪১, মৌজা-সুখচর, জে এল নং ৯, রে সা নং ৪১, তৌজি নং ১৫৬, ওয়ার্ড নং ২, হোল্ডিং নং ৯৫, থানা-খড়দা, জেলা-উত্তর ২৪ পরগনা, কলকাতা-৭০০১১৫।	১৭,২০,২৬৯ টাকা ১৬.০৫.২০২৪	১৭,১২,৮৮০ টাকা ১,৭১,২৯০ টাকা	০১.০৭.২০২৪ সকাল ১১টা থেকে বিকেল ৩টে	১০.০৭.২০২৪ দুপুর ২টো থেকে বিকেল ৩টে
১৩.	**বিশ্বজিৎ ঘোষ (ঋণগ্রহীতা)** **পুষ্পা ঘোষ (সহ-ঋণগ্রহীতা)** **সুরজিৎ ঘোষ (সহ-ঋণগ্রহীতা)** লোন অ্যাকাউন্ট নং LHKJB00001449111	আর এস দাগ নং ৬৯১, আর এস খতিয়ান নং ৯৭, এল আর খতিয়ান নং ২৩০, মৌজা-সিংহপাড়া, জে এল নং ৬৫, আর এস নং ৩৩, তৌজি নং ১৪৬, থানা-বারাসত, জেলা-উত্তর ২৪ পরগনা, কেমিয়া গ্রাম পঞ্চায়েত, কলকাতা।	১৪,৩৪,৪১১ টাকা ১৬.০৫.২০২৪	৩০,৬৮,৮৫৬ টাকা ৩,০৬,৮৯০ টাকা	০১.০৭.২০২৪ সকাল ১১টা থেকে বিকেল ৩টে	১০.০৭.২০২৪ দুপুর ২টো থেকে বিকেল ৩টে

অনলাইন নিলাম প্রক্রিয়াটি আমাদের নিলাম এজেন্সি **গ্লোব টেক (ইউআরএল লিঙ্ক: https://BestAuctionDeal.com)**-এর ওয়েবসাইটের মাধ্যমে আয়োজিত হবে। এতদ্বারা সংশ্লিষ্ট বন্ধকদাতাগণ/বিজ্ঞপ্তি গ্রহীতাগণকে **৯ জুলাই, ২০২৪ বিকেল ৫টার** মধ্যে সম্পূর্ণ বকেয়া অর্থাৎ সুদসমেত পরিশোধের জন্য শেষ সুযোগ দেওয়া হল, অন্যথায় নির্ধারিত সূচি অনুযায়ী এই সুরক্ষিত সম্পদ বিক্রি করা হবে।

সম্ভাব্য ডাকদাতা(গণ)-কে অবশ্যই ওপরে উল্লিখিতমতো (ওপরের টেবলের কলাম নং 'E' দ্রষ্টব্য) বায়না জমা বাবদ অর্থাঙ্ক (ইএমডি) ডিমান্ড ড্রাফ্ট (ডিডি) রূপে **আইসিআইসিআই হোম ফিনান্স কোম্পানি লিমিটেড, ৫ম তল, কৃষ্ণা এনক্লেভ, ২/১, ভজন লাল লোহিয়া লেন, হাওড়া এসি মার্কেটের কাছে, ইয়েস ব্যাঙ্কের উপরে, হাওড়া-৭১১১০১** ঠিকানাস্থিত অফিসে **৯ জুলাই, ২০২৪ বিকেল ৪টের** মধ্যে জমা দিতে হবে। সম্ভাব্য ডাকদাতা(গণ)কে রেজিস্ট্রেশন ফর্ম ও নিলামের শর্তাবলির স্বাক্ষরিত কপি **আইসিআইসিআই হোম ফিনান্স কোম্পানি লিমিটেড, ৫ম তল, কৃষ্ণা এনক্লেভ, ২/১, ভজন লাল লোহিয়া লেন, হাওড়া এসি মার্কেটের কাছে, ইয়েস ব্যাঙ্কের উপরে, হাওড়া-৭১১১০১** ঠিকানাস্থিত অফিসে **৯ জুলাই, ২০২৪** তারিখে বা তার আগে **বিকেল ৫টার** মধ্যে জমা দিতে হবে। কোনও রাষ্ট্রায়ত্ত তফসিলভুক্ত ব্যাঙ্ক থেকে **ICICI Home Finance Company Limited-Auction**'-এর অনুকূলে ইএমডি ডিমান্ড ড্রাফট (ডিডি) **কলকাতা, পশ্চিমবঙ্গে** প্রদেয়।

সম্পত্তি পরিদর্শন, নিলামের শর্ত ও নিয়মাবলি অথবা টেন্ডার জমা দেওয়া সংক্রান্ত প্রশ্নের পরিষ্কার উত্তর পেতে অনুগ্রহ করে **আইসিআইসিআই হোম ফিনান্স কোম্পানি লিমিটেড**-এর **9920807300** নম্বরে অথবা আমাদের **সেলস এবং মার্কেটিং পার্টনার নেক্সজেন সলিউশনস প্রাইভেট লিমিটেডের** সঙ্গে। কোনও কারণ না দেখিয়ে যে কোনও অথবা সমস্ত দর প্রস্তাব বাতিল করার অধিকার অনুমোদিত আধিকারিকের আছে। বিক্রির শর্ত ও নিয়মাবলি জানতে দেখুন ওয়েবসাইটঃ **https://www.icicihfc.com/**

তারিখ ঃ ০২.০৬.২০২৪
স্থান ঃ কলকাতা, পশ্চিমবঙ্গ

অনুমোদিত আধিকারিক
আইসিআইসিআই হোম ফিনান্স কোম্পানি লিমিটেড

সাপ্তাহিক রাশিফল

১৪৩০, ২০২৪ — ২ জুন ২০২৪ - ৮ জুন ২০২৪

মেষ: মেষ রাশির জাতক-জাতিকাদের ২-৩ জুনের মধ্যে জীবনের গতি খানিকটা অবরুদ্ধ হবে, মনে হবে চারপাশে কোনও কাজই যেন হচ্ছে না। তবে এরপর সমস্ত কাজ আপনার ইচ্ছানুসারে হবে বলেই আপনার মানসিক প্রফুল্লতা ফিরে আসবে। ৪-৬ তারিখের সময়টা সবদিক থেকে অত্যন্ত শুভ। আটকে থাকা টাকা-পয়সা হাতে চলে আসবে। এমন কোনও ঘটনা এসময়ে ঘটবে, যার ফলে আপনি চমকে যাবেন। তবে ৮ তারিখ দিনটা অশুভ। পরিবারের কোনও নিকটজনের স্বাস্থ্যসমস্যা নিয়ে চিন্তায় থাকবেন। টাকা-পয়সার মামলায় ধোঁকাবাজি হতে পারে।

বৃষ: বৃষ রাশির ব্যক্তিদের ২ জুন তারিখে সন্তানকে কেন্দ্র করে চলে আসা যাবতীয় দুর্ভাবনার অবসান ঘটবে। এসময়ে বেশি পরিশ্রম করলে ছাত্র-ছাত্রীরা তার ফল পাবেন। ৩-৪ জুন তারিখের মধ্যে সংগীত, সাহিত্য, কলাজগতের প্রতি আপনার উৎসাহ বাড়বে। প্রেমেও আসবে সফলতা। ৫-৭ জুনের মধ্যের সময়টা খারাপ যাবে। শরীর খারাপ, ধনহানির আশংকা রয়েছে। ৮ তারিখে শিক্ষা-সংক্রান্ত কোনও শুভ সংবাদ পাওয়ায় আপনার মন ভালো হয়ে যাবে।

মিথুন: মিথুন রাশির জাতক-জাতিকাদের সপ্তাহের শুরুতে দাম্পত্যপ্রেম বজায় থাকবে। তবে মাঝেমধ্যে তর্কাতর্কি হওয়াটাও অস্বাভাবিক নয়। সম্পর্কের থেকে এসময়ে নিজের কাজকে বেশি গুরুত্ব দেবেন আপনি। আর্থিক উন্নতি হওয়ায় মনও ভালো থাকবে। ৩-৪ জুন তারিখের মধ্যে অতীতে করা কোনও কাজের সুফল পাবেন। ব্যবসাতে লাভ হবে, কার্যক্ষেত্রে গুরুত্বপূর্ণ দায়িত্ব পাবেন। ৫-৭ তারিখে আপনার নামে কোনও মিথ্যে গুজব ছড়াতে পারে। নিজের স্বাস্থ্য, কথাবার্তা ও ক্রোধের উপর নিয়ন্ত্রণ রাখুন। ৮ জুলাই তারিখে নিজ বুদ্ধিতে কোনও সিদ্ধান্ত নিলে তা কার্যকর হবে।

কর্কট: ২ তারিখে মিটে যাবে সম্পত্তি-সংক্রান্ত যাবতীয় বিবাদ। তবে কোনও নতুন ব্যাপারে ভাইবোনদের সঙ্গে বিবাদ তৈরি হবে। ৪ তারিখে পূর্ণ উৎসাহ নিয়ে অফিসের কাজ সারবেন। সমালোচক ও বিরোধীপক্ষ কিন্তু সুযোগ পেলেই হামলা করতে পারে। মধ্যভাগে বিশেষত ৫ ও ৬ জুন তারিখের মধ্যে কোনও অপ্রিয় ঘটনা বা সংবাদে জীবনের ছন্দ অনেকটাই বিঘ্নিত হবে। ৭ তারিখে নিজের বুদ্ধি আর পরিশ্রমের মাধ্যমে সমস্ত জরুরি কাজ সেরে নেবেন। অন্তভাগে পুজোতে খানিকটা সময় কাটবে। ৮ জুন তারিখে গাড়ি সাবধানে না চালালে দুর্ঘটনার আশংকা।

সিংহ: সিংহ রাশির জাতক-জাতিকাদের জন্য ২-৩ জুনের সময়টা প্রতিকূল। লেনদেন করুন সাবধানে, নাহলে ঠকে যেতে পারেন। কারও ওপরে বিশেষ করে কোনও অচেনা ব্যক্তিকে বিশ্বাস করবেন না। তাহলে আর্থিক সংকটের মুখে পড়তে হবে। ৪-৫ তারিখের মধ্যে সমস্ত সরকারি কাজে আসবে সাফল্য। ধর্মীয় সৎসঙ্গে বেশ খানিকটা সময় ব্যয় হবে। ৬-৭ তারিখের মধ্যে দীর্ঘদিন ধরে আটকে থাকা গুরুত্বপূর্ণ কাজ হয়ে যাবে। উচ্চপদস্থ সরকারি অফিসাররা আপনার কাজের প্রশংসা করবেন। ৮ জুন তারিখ দিনটি শুভ।



কন্যা: নির্দিষ্ট লক্ষ্যে পৌঁছতে গেলে সপ্তাহের আদ্যভাগ থেকে আপনাকে প্রচুর কাজ করতে হবে। এই সময়ে কর্মোপলক্ষে আপনি যত বেশি ভ্রমণ করবেন, ততই লাভবান হবেন। নিজের পেশাতে কিছু নতুনত্ব নিয়ে আসবেন। ৪-৬ জুন তারিখে নিজের প্রতিভার জেরে উন্নতি হবে কর্মক্ষেত্রে। ধন উপার্জনের একাধিক উৎস স্পষ্ট হবে। ৭ জুন তারিখ দিনটি মোটের উপর মিশ্র ফলদায়ক। ৮ তারিখে আপনার এমন সমালোচনা হবে, যার দ্বারা আপনার ব্যক্তিগত জীবনও প্রভাবিত হবে।

তুলা: জাতক-জাতিকারা সপ্তাহের শুরুতেই জীবনসঙ্গী বা সঙ্গিনীর কাছ থেকে পাবেন সমস্ত রকম সহযোগিতা। মিডিয়ার সঙ্গে যুক্ত ব্যক্তিদের জন্য সময়টা শুভ। তাঁরা নিজেদের প্রতিভা দেখানোর সম্পূর্ণ সুযোগ পাবেন। শুভাকাঙ্ক্ষীরাও এসময়ে আপনার দিকে সাহায্যর হাত বাড়িয়ে দেবে। তবে ৪-৬ তারিখের সময়টা ভলো নয়, নিকটজনদের দ্বারা প্ররোচিত হওয়ার সম্ভাবনা। আর্থিক ক্ষতি, শত্রুর সংখ্যাবৃদ্ধি হতে পারে। ৭ তারিখে নিজের সমস্ত দায়িত্ব আপনি ভালোভাবেই পালন করবেন। ৮ তারিখ দিনটি অনুকূল।

বৃশ্চিক: জাতক-জাতিকাদের সপ্তাহের শুরু থেকেই একটু সতর্ক থাকতে হবে। ২-৪ তারিখ সময়টা শিক্ষার্থীদের জন্য শুভ হলেও এসময়ে কারও উপর চোখ বন্ধ করে ভরসা করলে ঠকতে হবে। মধ্যভাগের সময়টা অনুকূল। বিশেষ করে ৬ জুন দিনটি। এসময়ে পুরনো আটকে থাকা বহু প্রকল্পের কাজ যেমন শুরু হবে, তেমনি অনেক বকেয়া টাকাও হাতে চলে আসবে। অন্তভাগে দম্পতিদের মধ্যে বজায় থাকবে যাবতীয় সুসম্পর্ক।

ধনু: ২-৩ জুন সময়টা গাড়ি-বাড়ি কেনার জন্য একেবারে উপযুক্ত সময়। আপনি কোনও কূটনীতিজ্ঞের মতোই নিজের সব কাজ সেরে নেবেন। সকলেই আপনার বুদ্ধির প্রশংসা করবেন। ৪-৬ জুন তারিখের মধ্যে সরকারি কাজে যুক্ত ব্যক্তিদের জন্য সময়টা অতীব শুভ। ব্যবসাতেও মিলবে সাফল্য। ৭ তারিখে আপনার উপর দায়িত্ব বেড়ে যাওয়ায় আপনাকে কঠোর পরিশ্রম ও ক্ষেত্রবিশেষে কষ্ট করতে হবে। বাইরের কাজের চাপে নিজের পরিবারের প্রতি দৃষ্টি দিতে পারবেন না। ৮ জুন তারিখে গাড়ি সাবধানে না চালালে দুর্ঘটনার সম্ভাবনা রয়েছে।

মকর: জাতক-জাতিকারা মন-প্রাণ ঢেলে মা-বাবার সেবা করবেন। এসময় আপনার কোনও সুপ্ত প্রতিভার বিকাশ হতে পারে। সামাজিক মেলামেশার মাধ্যমে জীবনটাকে উপভোগ করার এটাই উপযুক্ত সময়। ২-৩ তারিখের মধ্যে পরিবারের কোনও বয়স্ক ব্যক্তির স্বাস্থ্য বিগড়ে যেতে পারে। ব্যয় বাড়ায় আর্থিক দিক থেকেও চাপের সম্মুখীন হবেন। তবে পরিবারের সদস্য ও বন্ধুদের কাছ থেকে ক্রমাগত সাহায্য পাবেন। অন্দরসজ্জার পিছনে বেশ মোটা অংক ব্যয় হবে। তবে ৭ জুন তারিখে দুপুরের পর থেকে নানা কারণে পরিস্থিতি ক্রমশ প্রতিকূল হতে থাকবে। কারওর অন্ত্যেষ্টিক্রিয়াতেও যোগদান করতে হতে পারে।

কুম্ভ: ২-৩ তারিখের মধ্যে কোনও অপ্রীতিকর ঘটনায় আপনার ম্যুড অফ হয়ে যাওয়ার প্রবল সম্ভাবনা। বন্ধু বা আত্মীয়দের সঙ্গে অথবা কোনও ভুল বোঝাবুঝি হতে পারে। ৪-৬ তারিখের মধ্যে বিবাহ-সংক্রান্ত ঝামেলার মধ্যে থাকবেন। কর্মক্ষেত্রে বিশেষ কোনও অগ্রগতি এসময় হবে না। ৮ তারিখে যে কোনও প্রতিযোগিতা বা প্রতিযোগিতামূলক পরীক্ষাতে আপনি সাফল্য পাবেন। প্রেমজ সম্পর্কে অতিরিক্ত নজর দিতে গিয়ে কেরিয়ারের লক্ষ্য থেকে চ্যুত হবেন না।

মীন: সপ্তাহের গোড়ার দিকে অনেকটা সময়ই মনোরঞ্জনের মাধ্যমে কাটবে। সময়টা সম্পূর্ণভাবে আপনার জন্য অনুকূল। দীর্ঘ সময় ধরে আটকে থাকা কোনও পরিকল্পনা বাস্তবায়িত হওয়ার পথে এগোবে। ৪-৫ জুন তারিখের সময়টাও ভালো। প্রেমজ সম্পর্কে আসবে সাফল্য। কোনও গুরুত্বপূর্ণ সংবাদে আপনি পরবর্তী কর্মপন্থা স্থির করতে পারবেন। তবে অন্তভাগে কোনও ষড়যন্ত্রের শিকার হওয়ার সম্ভাবনা রয়েছে, বিশেষ করে ৬-৭ জুনের মধ্যে। ৮ জুন তারিখে নানাবিধ সামাজিক কর্মে যুক্ত থাকবেন।